

তারিখ: 06-MAY-2005
 পৃষ্ঠা: ১২

দৈনিক
জাগরণ

১২ মে এইচএসসি পরীক্ষা শুরু

**‘নকলমুক্ত পরীক্ষার
 জন্য পুলিশের
 দরকার নেই,
 শিক্ষকরাই যথেষ্ট’**

মোশতাক আহমেদ, বরিশাল থেকে: দেশের দ্বিতীয় বৃহৎ পাবলিক পরীক্ষা-এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে আগামী ১২ মে। সারাদেশের সাতটি শিক্ষাবোর্ডের অধীনে একযোগে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা। এই পরীক্ষায় সারাদেশে চার লাখ বাইশ হাজার পাঁচ শ' ৪৬ শিক্ষার্থী অংশ নিচ্ছে। একই সঙ্গে মাদ্রাসা বোর্ডের অধীনে আলীম, ফাতিম ও কামিল এবং কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি, বিএস পরীক্ষাও অনুষ্ঠিত হবে। শেষ মুহূর্তে এসে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের সর্বশেষ চেষ্টা চালিয়ে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিমন্ত্রী আনাম এহসানুল হক মিলন দেশের বিভিন্ন জায়গায় সভা-সেমিনার করে যাচ্ছেন।

বৃহস্পতিবার বরিশাল শহরে বরিশাল শিক্ষাবোর্ড আয়োজিত নকল প্রতিরোধে উদ্বুদ্ধকরণ সভায় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, নকলমুক্ত পরীক্ষা গ্রহণের জন্য এখন আর পুলিশের দরকার নেই, শিক্ষকরাই যথেষ্ট। সুষ্ঠু ও সুন্দর পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য তিনি সকল শিক্ষক ও সচেতন মানুষের প্রতি আহ্বান জানান।

বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ আনোয়ারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন প্রফেসর (১১-পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

‘নকলমুক্ত পরীক্ষার (১২-এর পাতার পর)

ইউসুফ আলী বান, জহির উদ্দিন বর্পন এমপি, বরিশাল জেলা প্রশাসক ফজলে ওয়াহিদ বশকর, পুলিশ সুপার মাইনুর রহমান চৌধুরী, পরীক্ষা নিয়ন্ত্রক শিয়ার উদ্দিন আহমেদ এম্ব।

নকল প্রতিরোধে শিক্ষকদের অবদানের কথা উল্লেখ করে বলেন, নকল প্রতিরোধ করতে গিয়ে যদি কোন শিক্ষক অসহায়িত হন তবে তা কোনভাবেই বরদাশ্ত করা হবে না। পাশাপাশি শিক্ষকরাও যেন বন্ধ থাকেন সে জন্য তিনি আহ্বান জানান।

সূত্র মতে এবারে মোট পরীক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডে এক লাখ ৩৩ হাজার ৬ শ' ৯০, রাজশাহী বোর্ডে এক লাখ ৫ হাজার ৭ শ' ৪৩, যশোরে ৭০ হাজার ৪৬, চট্টগ্রাম বোর্ডে ৩৩ হাজার ১ শ' ৭৪, কুমিল্লা বোর্ডে ৩৪ হাজার ৬ শ' ৩০, সিলেটে ১৭ হাজার ৪ শ' ৫ এবং বরিশাল বোর্ডে ২৭ হাজার ৮ শ' ৫৮ জন।

১২ মে থেকে শুরু হয়ে পিবিভ পরীক্ষা শেষ হবে ১৯ জুন। ইংরেজী পরীক্ষা দিয়ে শুরু হবে পরীক্ষা। এদিকে তীব্র দাবিদাহ আর পোডশেডিংয়ের কারণে শেষ মুহূর্তে জটিল নিতে গিয়ে সমস্যায় পড়ছে শিক্ষার্থীরা।